

২০২১ সালের অক্টোবর মাসের মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা বিষয়ক উপজেলা কমিটির সভার কার্যবিবরণী

সভার সভাপতি	:	জনাব মো: লোকমান হোসেন ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।
স্থান	:	উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ	:	২১/১০/২০২১খ্রি.
সময়	:	১.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট “ক” সদয় দ্রষ্টব্য

সভার প্রারম্ভে সভাপতি সকলকে শুভেচ্ছা ও সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি মহোদয় অধ্যকার সভা পরিচালনা করার জন্য অত্র কমিটির সদস্য সচিব উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করেন। সভাপতির অনুরোধক্রমে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভাপতিকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম পরিচালনা করেন।

আলোচনা ০১ঃ-

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আলোচনার শুরুতেই বলেন যে, ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলার ০২টি মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের মধ্যে ডিজিটাল কনটেন্ট-এর মাধ্যমে পাঠদানের বিষয়ে দক্ষতা বৃদ্ধির জন্য উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের বরাদ্দ দিয়ে প্রতিষ্ঠানে ল্যাপটপ, প্রজেক্টর সরবরাহ করা হয়েছে।

তিনি আরও বলেন যে, উপজেলা শিক্ষা দপ্তরের প্রশিক্ষণের কোন বরাদ্দ না থাকায় ভবিষ্যতে যেন উপজেলা পরিষদের যে কোনো বরাদ্দ থেকে শিক্ষকদের আইসিটি বিষয়ে দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা যায় সেদিকে সুদৃষ্টি রাখার জন্য সভার সভাপতির নিকট অনুরোধ রাখেন।

আলোচনা ০২ঃ-

২নং আলোচনায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন যে, ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলার বেশকিছু শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল পদ্ধতিতে ক্লাস নেয়ার সুযোগের অপ্রতুলতা রয়েছে এবং বেশিরভাগ শিক্ষা প্রতিষ্ঠানে প্রশাসনিক/দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য ল্যাপটপ, প্রিন্টার ও স্ক্যানার মেশিন নেই, তাই বিদ্যালয় ও মাদ্রাসাগুলোর চাহিদার প্রেক্ষিতে কমপক্ষে ১০টি শিক্ষা প্রতিষ্ঠানে একটি করে স্মার্ট টিভি, ল্যাপটপ ও মাল্টি ফাংশন প্রিন্টার প্রদান করতে পারলে পাঠদানসহ অন্যান্য প্রশাসনিক কার্যক্রম পরিচালনা করা সুবিধা হবে।।

সিদ্ধান্ত:- “উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প” থেকে অবকাঠামো উপ-প্রকল্পের আওতায় ১০টি শিক্ষা প্রতিষ্ঠানে প্রত্যেকটিতে একটি করে স্মার্ট টিভি, ল্যাপটপ ও মাল্টি ফাংশন প্রিন্টার প্রদান করার জন্য উপজেলা পরিষদের নিকট একটি অবকাঠামো উপ-প্রকল্প প্রস্তাবনা প্রেরণ করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।



(মো: লোকমান হোসেন)

ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।


ও

সভাপতি

মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক উপজেলা কমিটি

অবগতির জন্য প্রেরণ:

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।
২. উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণবাড়িয়া সদর।
৩. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।


25-10-2022
(জীবন ভট্টাচার্য্য)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ব্রাহ্মণবাড়িয়া সদর।

ও

সদস্য সচিব

মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক উপজেলা কমিটি।